

ଯୁଗାନ୍ତରୀ

আবারও কওমিসহ সব মাদ্রাসা বন্ধের নির্দেশ

যুগান্তর প্রতিবেদন

🕒 ০৭ এপ্রিল ২০২১, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ



করোনাভাইরাসের উর্ধ্বগতির কারণে দেশের সব আবাসিক ও অনাবাসিক কওমি মাদ্রাসা বন্ধের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মঙ্গলবার কারিগরি ও মাদ্রাসা বিভাগ থেকে এসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এতিমধ্যে এ নির্দেশনার বাইরে থাকবে। মন্ত্রণালয়ের জনসংযোগ ও তথ্য কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের এ তথ্য জানান।

অতিরিক্ত সচিব (মাদ্রাসা) হাবিবুর রহমান স্বাক্ষরিত এ সংক্রান্ত নির্দেশনায় বলা হয়, করোনাভাইরাসের সংক্রমণ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাওয়ায় মাদ্রাসাসহ সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকার বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে গত ২৯ মার্চ প্রজ্ঞাপন জারি করা হয়। বর্তমানে দেশে লকডাউন বহাল রয়েছে।

ইতোপূর্বে সরকার ২২ মে পর্যন্ত দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়। কিন্তু সরকারি নির্দেশ অমান্য করে দেশের বিভিন্ন স্থানে কিছু আবাসিক ও অনাবাসিক

নির্দেশনায় আরও বলা হয়, ‘এ অবস্থায় পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত কওমি মাদ্রাসাসহ (এতিমখানা ব্যতীত) আবাসিক-অনাবাসিক সব মাদ্রাসা বন্ধ রাখার জন্য অনুরোধ করা হলো। এ নির্দেশ পালনে কোনোরূপ শৈথিল্য প্রদর্শন করা যাবে না। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো। এটি দ্রুত কার্যকর করতে বলা হয়েছে।’

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022